

## হাই স্কুলে ভর্তি বিষয়ক একটি অনুষ্ঠানে যোগ দিন!

প্রিয় পরিবারবর্গ,

নিউ ইয়র্ক সিটিতে হাই স্কুলে ভর্তি বিষয়ক আমাদের আসন্ন ভার্চুয়াল তথ্য অধিবেশনগুলোর একটিতে যোগ দেয়ার জন্য আমরা আপনাদের আনন্দের সাথে আমন্ত্রণ জানাচ্ছি! অষ্টম গ্রেডের শিক্ষার্থী আছে এমন সকল NYC পরিবারকে অংশগ্রহণ করতে উৎসাহিত করা হচ্ছে। হাই স্কুলে ভর্তির প্রক্রিয়া শুরু হবে **মঙ্গলবার, 7 অক্টোবর, 2025**।

এই অধিবেশনগুলোতে আমরা কীভাবে হাই স্কুল এবং বিভিন্ন প্রোগ্রাম অন্বেষণ করতে হয়, একটি ভারসাম্যপূর্ণ আবেদনপত্র তৈরি করতে হয়, কীভাবে স্পেশালাইজড হাই স্কুলস্ অ্যাডমিশন্স টেস্ট-এর (SHSAT) জন্য রেজিস্টার করতে হয়, আর্টস্ প্রোগ্রামগুলোর জন্য কীভাবে অডিশন দিতে হয়, এবং কীভাবে অফার প্রদান করা হয় তা নিয়ে আলোচনা করবো। প্রতিটি উপস্থাপনার পর, আমরা আপনাদের প্রশ্নাবলীর জবাব দিব।

### সময়সূচিকৃত তারিখসমূহ:

- **বুধবার, 8 অক্টোবর বিকাল 5pm থেকে 6pm পর্যন্ত | হাই স্কুলে ভর্তি বিষয়ক সাধারণ অনুষ্ঠান:** কীভাবে আপনাদের মাইস্কুলস্ অ্যাকাউন্ট দেখতে হবে তা থেকে শুরু করে আপনার আবেদনপত্র পূরণ করার সেরা কৌশলসমূহ পর্যন্ত, ভর্তি প্রক্রিয়ার একটি উপরিচিত্র। অনুষ্ঠান ইংরেজিতে হবে এবং দোভাষী সেবা দেয়া হবে: বাংলা, চায়নিজ (ম্যান্ডারিন), ফ্রেঞ্চ, ইউক্রেনিয়ান এবং আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ (ASL)।
- **বৃহস্পতিবার, 9 অক্টোবর, বিকেল 5pm থেকে 6pm | পরীক্ষা গ্রহণকারী স্পেশালাইজড হাই স্কুলসমূহ:** SHSAT-এর জন্য কীভাবে রেজিস্টার করতে হয়, কীভাবে ডিজিটাল SHSAT-এর জন্য প্রস্তুত হতে হয়, এবং এই স্কুলগুলোতে কীভাবে অফার প্রদান করা হয়। অনুষ্ঠান ইংরেজিতে হবে এবং দোভাষী সেবা দেয়া হবে: আরবি, বাংলা, রাশিয়ান, স্প্যানিশ, এবং ASL।
- **মঙ্গলবার, 14 অক্টোবর, সন্ধ্যা 6pm থেকে 7pm | হাই স্কুলে ভর্তি বিষয়ক সাধারণ অনুষ্ঠান:** অনুষ্ঠান ইংরেজিতে হবে এবং দোভাষী সেবা দেয়া হবে: আলবেনিয়ান, আরবি, হেশিয়ান ক্রিওল, উর্দু এবং ASL।
- **বুধবার, 15 অক্টোবর, সন্ধ্যা 5pm থেকে 6pm | প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীদের জন্য হাই স্কুলে ভর্তি বিষয়ক সাধারণ অনুষ্ঠান।** অনুষ্ঠান ইংরেজিতে হবে এবং দোভাষী সেবা দেয়া হবে: বাংলা, চায়নিজ (ম্যান্ডারিন), রাশিয়ান, স্প্যানিশ, এবং ASL।
- **বৃহস্পতিবার, 16 অক্টোবর, সন্ধ্যা 5pm থেকে 6pm | হাই স্কুলে ভর্তি বিষয়ক সাধারণ অনুষ্ঠান, স্প্যানিশ ভাষায়**
- **বৃহস্পতিবার, 23 অক্টোবর, সন্ধ্যা 5pm থেকে 6pm | হাই স্কুলে ভর্তি বিষয়ক সাধারণ অনুষ্ঠান, চাইনিজ (ম্যান্ডারিন) ভাষায়।**
- **শুক্রবার, 24 অক্টোবর, সন্ধ্যা 3pm থেকে 4pm | হাই স্কুলে ভর্তি বিষয়ক সাধারণ অনুষ্ঠান:** অনুষ্ঠানটি ইংরেজিতে হবে। উল্লেখিত ভাষাগুলোতে দোভাষী সেবা প্রদান করা হবে: কোরিয়ান, রাশিয়ান, স্প্যানিশ এবং উজবেক।

- বৃহস্পতিবার, 30 অক্টোবর, সন্ধ্যা 6pm থেকে 7pm | পরীক্ষা গ্রহণকারী স্পেশালাইজড হাই স্কুলসমূহ। অনুষ্ঠানটি ইংরেজিতে হবে। উল্লেখিত ভাষায় দোভাষী সেবা লভ্য আছে: চাইনিজ (ম্যান্ডারিন), ফ্রেঞ্চ, কোরিয়ান, উর্দু এবং ASL।

#### একটি অনুষ্ঠানে কীভাবে যোগ দেবেন:

- প্রতিটি অনুষ্ঠান সরাসরি (লাইভ) অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানটি শুরু হবার সময় এখানে <https://bit.ly/June2025HSEvent> ক্লিক করে আমাদের সাথে জুম-এ (Zoom) যোগ দিন।
- ওয়েবিনার আইডি (ID): 990 1261 6744  
পাসকোড: 123456 অথবা
- ফোনে শোনার জন্য:  
US+ 16469313860  
কনফারেন্স লাইন: 99012616744#  
পাসকোড 123456#

**গুরুত্বপূর্ণ দ্রষ্টব্য:** [schools.nyc.gov/HS](https://schools.nyc.gov/HS) দেখুন, যেখানে আপনি প্রতিটি ভাষায় দোভাষী সেবার জন্য ফোন নম্বর খুঁজে পাবেন।

আমাদের অনুষ্ঠানগুলোতে আপনি যোগ দেবেন বলে প্রত্যাশা করছি এবং যোগাযোগ বজায় রাখতে উৎসাহিত করছি, [schools.nyc.gov/HS](https://schools.nyc.gov/HS)।

কোনো প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে [HSEnrollment@schools.nyc.gov](mailto:HSEnrollment@schools.nyc.gov) ঠিকানায় ইমেইল করুন।

শুভেচ্ছান্তে,

হাই স্কুল অ্যাডমিশন্স টিম

অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট

এই ইমেইলটি কি আপনার কোনো বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? [schools.nyc.gov/SignUp](https://schools.nyc.gov/SignUp)-এ, আমাদের হাই স্কুল এবং/অথবা মিডল স্কুলে ভর্তিতে আগ্রহীদের মেইলিং লিস্টে (ডাক তালিকায়) নাম লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না।

হাই স্কুল এবং/অথবা মিডল স্কুলে ভর্তি সম্পর্কে ভবিষ্যতে কোনও বার্তা না পেতে চাইলে, তথা আনসাবস্কাইব করতে, অনুগ্রহ করে [এখানে](#) ক্লিক করুন।